# বিবেকানন্দ কলেজ

ঠাকুরপুকুর

কোলকাতা-৭০০০৬৩

ন্যাক এক্রিডিয়েটেড ‘এ’ গ্রেড

**বাংলা ভাষা ও সাহিত্য (সাম্মানিক)**

প্রস্তুতকারী :- অধ্যাপক নবকিশোর চন্দ

# BNG-G-CC/GE-2-2-TH-TU

বাংলা ভাষা ও সাহিত্য(সাধারণ)
সেমেস্টার :- ২
মডিউল :-০১

প্রস্তুতকারী :- অধ্যাপক নবকিশোর চন্দ

ঐতিহাসিক ভাষাবিজ্ঞান

## আদি-মধ্যবাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণ - প্রেক্ষিত শ্রীকৃষ্ণকীর্তন ।

আদি-মধ্য যুগের বাংলা ভাষার কালসীমা আনুমানিক ১৩৫০ খ্রীঃ থেকে ১৫০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত । ভাষাতাত্ত্বিকদের মতে এই যুগের একমাত্র প্রমাণ্য নিদর্শন বড়ু চন্ডীদাসের লেখা 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থখানি । এই কাব্যগ্রন্থটি বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ১৯০৯ খ্রীষ্টাব্দে বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রাম থেকে আবিষ্কার করেন এবং ১৯১৬ খ্রীষ্টাব্দে বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে প্রকাশিত হয় ।
যদিও অনেকে মনে করেন কৃত্তিবাসের 'রামায়ণ',মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' এবং কয়েকটি মঙ্গলকাব্য এই পর্বের রচনা । কিন্তু এগুলির ভাষা পরবর্তীকালে এত বেশী পরিমার্জিত ও পরিবর্তিত হয়েছিল যে এগুলিকে আদি-মধ্য যুগের বাংলা ভাষার প্রমাণ্য নিদর্শন হিসেবে গ্রহণ করা যায় না । তাই শুধু 'শ্রীকৃষ্ণকীর্তন'- উপর নির্ভর এই পর্বের বাংলা ভাষার লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি নির্ণয় করা হয় ।

### ১)ধ্বনিতাত্ত্বিক লক্ষণ ও বৈশিষ্ট্য :-

ক)এই পর্বের বাংলা ভাষার বৈশিষ্ট্য হল আ-কারের পর ই-কার বা উ-কার থাকলে তা ক্ষীণ হয় ।যেমন- আউলাইল,আইহন,বড়ায়ি প্রভৃতি ।
খ)নাসিক্য ব্যঞ্জন যোগে গঠিত সংযুক্ত ব্যঞ্জনের সরলীকরণ ।যেমন - কান্তি >কাঁতি ,ঝম্প > ঝাঁপ প্রভৃতি ।
গ)অল্পপ্রাণ ধ্বনির পর 'হ' ধ্বনি থাকলে ঐ অল্পপ্রাণ মহাপ্রাণে রূপান্তরিত হয় ।যেমন - একহোঁ > এখোঁ ,কতহো>কথো প্রভৃতি ।
ঘ)এই যুগের ভাষার যত্রতত্র অনুনাসিক ধ্বনির প্রচুর প্রয়োগ ঘটেছে যেমন - মোঁ,শবদেঁ ,জাওঁ, প্রভৃতি ।
ঙ)শব্দের আদিস্থিত উ-কার , ও-কার উ-কারে পরিণত হয়েছে । যেমন - ও-কার :- বলে > বোলে উ-কার :- গোয়ালী > গুয়ালী প্রভৃতি

### ২)রূপতাত্ত্বিক লক্ষণ ও বৈশিষ্ট্য :-

ক)কর্তৃকারকে শূন্যবিভক্তি (বিভক্তিহীনতা) প্রথম লক্ষণীয় রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য। যেমন - শীতল মনোহর **বাঁশি** কে না বাএ । ডালত বসিঞাঁ যেহ্ন **কুয়িলী** কাঢ়ে রায়ে ।
খ) মুখ্য কর্মে বিভক্তিহীনতা দেখা যায় । যেমন - অরেরে বাহিহি কাহ্ন নাব ছোড়ি ডগমগ কুণই ন দেহি ।
গ)গৌণকর্মে ও সম্প্রদান কারকে -ক, -কে,-রে বিভক্তি পাওয়া যায় । যেমন - **কংসকে** বুলিয়ে কন্যা আঁকাসে থাঁকিয়া । হাণ পাঁচ বাণে **তাক** না করিহ দয়া । **সাপেরে** করিয়াঁ বিষদানে । প্রভৃতি ।
ঘ)পঞ্চমী বিভক্তির বদলে 'হৈতে' অনুসর্গের সাহায্যে অপাদানের অর্থ প্রকাশ করা হত । যেমন - গোঠে **হৈতে** আসি আহ্মি বুঢ়ী গোআলিনী ।
ঙ) সম্বন্ধপদের অর্থ প্রকাশের জন্য ষষ্ঠী বিভক্তির চিহ্ন ছিল -এর, -র, -ক, -কের । যেমন - বারেঁ বারেঁ কাহ্ন সে কাম করে ।যে কামে হএ **কুলের** খাঁখারে ,ভাঁগিল **সোনার** ঘট যুড়ীবাক পারি , চাহা চাহা আল বড়ায়ি **যমুনাক** ভিতে ।প্রভৃতি ।
চ) অধিকরণে সপ্তমী বিভক্তি রূপে বাবহৃত হত -ত ,-তে, -এ , । যেমন - **পথে** মহাদানী খুইলা ,সে **জাত** সুতিআঁ ।
ছ)উত্তম পুরুষে সর্বনাম চিহ্ন ছিল - আহ্মে ,মোঁ মধ্যম সর্বনাম চিহ্ন ছিল তোঁ,তোহ্মে প্রভৃতি ।
জ) সর্বনাম পদের সঙ্গে কর্তৃকারকের বহুবচনে -রা বিভক্তি যুক্ত হত ।আজি হৈতেঁ আহ্মারা হৈলাহোঁ একমতী
ঝ)ক্রিয়া-বিভক্তির মধ্যে বিশেষভাবে লক্ষ্য করা যায় উত্তমপুরুষে বর্তমান কালে -ওঁ, -ই,অতীত কালে -লোঁ , -ইল, ও ভবিষ্যৎকালে -ইব বিবক্তি । যেমন - তোর মুখে রাধিকার রূপকথা সুনী । পাখি নহোঁ তার ঠাঁই উড়ি পড়ি জাওঁ ।প্রভৃতি । ঞ
ঞ) ধাতুর সঙ্গে -ই, -ইআঁ, -ক, -ইতেঁ, -ইলে যোগ করে অসমাপিকা ক্রিয়ার রূপ রচিত হত । যেমন-পাখী নহোঁ তার ঠাঁই উড়ী পড়ি জাঁও ।মেদনী বিদার দেউ পসিআঁ লুকাও ।।ছিণ্ডিআঁ পেলাইবোঁ গজমুকুতার হার । প্রভৃতি।

৩)ছ**ন্দোরীতিগত বৈশিষ্ট্য :-**

আদি-মধ্য বাংলায় 'শ্রীকৃষ্ণকীর্তন'-এ পয়ার ছন্দ পূর্ণ প্রতিষ্ঠা লাভ করে । যেমন-

যমুনার তীরে রাধা / কদমের তলে । =৮+৬
তরল করিলেঁ কেহ্নে / নয়ন যুগলে ।।=৮+৬

এই পয়ার ছন্দ আদি-মধ্য বাংলার প্রধান ছন্দ । এছাড়া নানা ছাঁদের ত্রীপদী , একাবলী প্রভৃতি ছন্দের ব্যবহারও পাওয়া যায় ।

**সহায়ক গ্রন্থপঞ্জী :-**

১)বাংলা ভাষা পরিক্রমা-পরশচন্দ্র মজুমদার
২)ভাষার ইতিবৃত্ত - সুকুমার সেন
৩)সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - রামেশ্বর শ'

**অনুশীলনী :-**

**ক)সংক্ষিপ্ত প্রশ্ন (প্রশ্নের মান-১)**

১) আদি-মধ্য যুগের বাংলা ভাষার নিদর্শন কোনটি ?
২)আদি-মধ্য যুগের বাংলা ভাষার নিদর্শন কে আবিষ্কার করেন ?
৩)আদি-মধ্য যুগের বাংলা ভাষার নিদর্শন কোথা থেকে আবিষ্কৃত হয় ।
৪)আদি-মধ্য যুগের সময়কাল নির্দেশ কর ।
৫)আদি-মধ্য যুগের বাংলায় ব্যবহৃত ছন্দগুলির নাম লেখ ।

খ)**বোধমূলক প্রশ্ন (প্রশ্নের মান-৫)**

১)আদি-মধ্য যুগের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি আলোচনা কর ।
২)আদি-মধ্য যুগের বাংলা ভাষার যে কোন ৫টি ধরূপতাত্ত্বিক লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি আলোচনা কর ।